

2 0 1 8

BENGALI

( Major )

Paper : 5.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) শকুন্তলার জন্মদাতা পিতা কে?
- (খ) মহর্ষি কণ্ঠের তপোবনে শকুন্তলার দ্বারা অতিথি-পরিচর্যা না পেয়ে কে শকুন্তলাকে অভিশাপ দিয়েছিলেন?
- (গ) রাজা দুশ্মন্ত-প্রদত্ত শকুন্তলার অভিজ্ঞানটি কোন্ নদীতে পড়ে গিয়েছিল?
- (ঘ) “চক্রবাক্বধূ! রজনী উপস্থিত;”—এখানে ‘চক্রবাক্বধূ’ বলে কাকে সংকেত করা হয়েছে?
- (ঙ) ‘মসনবি’ কার লেখা?
- (চ) সৈয়দ মুজতবা আলী রবীন্দ্রনাথের গানের প্রতিটি শব্দকে কীসের সঙ্গে তুলনা করেছেন?
- (ছ) রাসুল পাশার মতে পৃথিবীর সব বেদের ভাষা আসলে কোন্ ভাষা?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “আমি দিব্য চক্ষু দেখিতেছি, তুই, বনে বনে ভ্রমণ করিয়া, একদিন, নরনাসিকালোলুপ ভল্লুকের মুখে পড়িবি।” বক্তা কে? কাকে উদ্দেশ্য করে তিনি একথা বলেছেন?
- (খ) শকুন্তলার পতিগৃহে যাত্রাকালে মহর্ষি কণ্ঠের কোন্ দুইজন শিষ্য শকুন্তলার সঙ্গী হয়েছিলেন?
- (গ) সৈয়দ মুজতবা আলীর মতে কোন্ কোন্ সঙ্গীতের সঙ্গে একমাত্র ঈষৎভাবে রবীন্দ্রনাথের গানের তুলনা করা যায়?
- (ঘ) নেতাজী জাপানকে সরাসরি বলেছিলেন,—“আমি কোনো ভিক্ষা চাই না।” তবে তিনি নিজের রাষ্ট্রের জন্য জাপানকে মিত্ররাষ্ট্র হিসেবে কি কি ধার দিতে বলেছিলেন?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “স্ত্রীজাতি অতিশয় প্রত্যাৎপন্নমতি।” বক্তা কে? কি প্রসঙ্গে তিনি একথা বলেছেন, সংক্ষেপে আলোচনা করো।
- (খ) “মহাশয় ! আমরা প্রিয়সখীর জন্মবৃত্তান্ত যেরূপ শুনিয়াছি, কহিতেছি।” বক্তা কে? তাঁর ‘প্রিয়সখী’ কে? এই ‘প্রিয়সখী’র জন্মবৃত্তান্ত সংক্ষেপে বর্ণনা করো।

- (গ) “এই তালিমের ফলেই ছোটগল্পের সৃষ্টি।” এখানে কার তালিমের কথা বলা হয়েছে? কাকে তিনি তালিম দিয়েছেন? সংক্ষেপে এই তালিমের নমুনা দাও।
- (ঘ) “আর বিরহ করে কয়, সে-কথা কি করে জানবি মেঘ না জমলে, বৃষ্টি না ঝরলে?” বক্তা কেন একথা বলেছেন, প্রসঙ্গ উল্লেখ করে আলোচনা করো।
- (ঙ) “এই ভাষাই মহাত্মাজীর আদর্শ ভাষা ছিল।” এখানে ‘এই ভাষা’ বলতে কার ভাষার কথা বলা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে তাঁর ভাষার বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো।
- ৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) “বিদ্যাসাগর বাঙ্গালা ভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন।” তোমার পাঠ্য ‘শকুন্তলা’ অবলম্বনে গদ্যশিল্পী হিসেবে বিদ্যাসাগরের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।
- (খ) ‘শকুন্তলা’ গ্রন্থের ষষ্ঠ পরিচ্ছেদটি সম্পূর্ণ কাহিনিকে নাটকীয়ভাবে গতিদান করেছে। ষষ্ঠ পরিচ্ছেদটি সংক্ষেপে আলোচনা করে কাহিনির গতিতে এর ভূমিকা কতখানি তা আলোচনা করো।
- (গ) কোন্ ঘটনার মাধ্যমে, কীরূপে রাজা দুস্মন্ত ও শকুন্তলার পুনর্মিলন হয় তা সবিস্তারে আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) ‘বেদে’ পাঠটিতে বেদেনী তার দৃঢ় যুক্তির দ্বারা বেদে ও ভারতীয়দের সুদীর্ঘকালের বিচ্ছেদের মধ্যেও একটি মিলনের আভাস ফুটিয়ে তুলেছে—এই সম্বন্ধ-বন্ধনের করুণ অসহায়তা আমাদের হৃদয় স্পর্শ করে। ‘বেদে’ পাঠটি অবলম্বনে আলোচনা করো।
- (খ) ‘মোপাসাঁ-চেখফ-রবীন্দ্রনাথ’ পাঠটি অবলম্বন করে লেখক রবীন্দ্রনাথের ছোটগল্পের যে বৈশিষ্ট্যগুলি উল্লেখ করেছেন তা ব্যাখ্যা করে, শেষ পর্যন্ত রবীন্দ্রনাথ তাঁর গল্পে কোন্ বিশেষ বৈশিষ্ট্যের জন্য সবার রচনাকে ছাড়িয়ে একক এবং অদ্বিতীয় হয়ে উঠেছেন তা আলোচনা করো।
- (গ) “মরার আগেই যদি মরতে পারো, তবেই মোক্ষ লাভ।” ‘তোতা কাহিনী’র কাহিনিটি বর্ণনা প্রসঙ্গে সদাগরের কাছে তোতার এই শেষ তত্ত্বটি ব্যাখ্যা করো।

\*\*\*